

## 💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৬৯: ছহীহ মুসলিমে আবু হুরায়রাহ রাদিয়াল্লাহু 'আনহু বর্ণিত হাদীছে প্রমাণিত হয়, রহ (روح) এবং নাফ্স (نفس) একই অর্থে ব্যবহৃত হয়। হাদীছটি এরূপ, রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'তোমরা কি দেখনি, মরনের সময় মানুষ অপলক দৃষ্টিতে এবং চোখ মোটা করে তাকায়?' ছাহাবীগণ (রাদিয়াল্লাহু 'আনহুম) বললেন, নিশ্চয়ই। তখন রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বললেন, 'মানুষের নাফ্স বের হওয়ার সময় তার চোখ সেদিকে তাকিয়ে থাকে বলে এমন অবস্থার সৃষ্টি হয়'।[1] উম্মে সালামাহ (রাদিয়াল্লাহু 'আনহা) বর্ণিত অন্য হাদীছে এসেছে, 'যখন রহ ছিনিয়ে নেয়া হয়, তখন চোখ সেদিকে দেখতে থাকে'।[2] তাহলে রহ্ই কি নাফ্স? জানিয়ে বাধিত করবেন।

হ্যাঁ, রূহ এবং নাফস একই অর্থে। মহান আল্লাহ বলেন,

﴿ اللَّهُ يَتَوَفَّى الْأَنفُسَ حِينَ مَوْتِهَا وَالَّتِي لَمْ تَمُتْ فِي مَنَامِهَا ﴾ [سورة زمر: 42]

'আল্লাহ মানুষের প্রাণ হরণ করেন তার মৃত্যুর সময়; আর যে মরে না, তার নিদ্রাকালে' (যুমার ৪২)।

## ফুটনোট

- [1]. মুসলিম, 'জানাযা' অধ্যায়, হা/৯২১।
- [2]. মুসলিম, 'জানাযা' অধ্যায়, হা/৯২০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1726

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন